দৈনিক ইত্তেফাক

MAR 14 2002



গৌরনদী (বরিশাল) : টিকাসার গ্রামের শিশুরা বিড়ি তৈরীর কারখানায় কাজ করছে—ইত্তেফাক

## গৌরনদীর টিকাসার গ্রামে বিদ্যালয় না থাকায় শিশুরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত

গৌরনদী (বরিশাল) থেকে সংবাদদাতা ॥ গৌরনদী উপজেলা সদরের টিকাসার গ্রামে কোন প্রাইমারী স্কুল না থাকায় কয়েক হাজার শিশু শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। শিশুরা শ্রমের কাজে নিয়োজিত হচ্ছে। ঐ গ্রামে একটি প্রাইমারী স্কুল নির্মাণের উদ্যোগ নেয়নি কেউ। এলাকার দুই সহস্রাধিক শিশু অভাবের তাড়নায় পরিবার পরিজনের রুটি-রুজির অন্বেষায় কঠিন শ্রমের কাজে নিয়োজিত রয়েছে। এর মধ্যে কেউ চালাচ্ছে রিকশা কেউ বানাচ্ছে বিড়ি কেউ ভাঙ্গছে ইট ও পাথর। হোটেল রেস্তোরায় কাজ করছে অনেকে। কেউ কেউ লঞ্চঘাটে কুলির কাজ করছে। গৌরনদী পৌরসভা ও গৌরনদী উপজেলার কেন্দ্রবিন্দুতে এ গ্রামটি অবস্থিত হলেও এখানে শিক্ষিতের হার মাত্র ২৫ ভাগ। অথচ গৌরনদী পৌরসভার শিক্ষিতের হার ৭২ ভাগ। উপজেলার সবচেয়ে অভাবী মানুষের বসবাস এখানে। গ্রামটির দেড় কিলোমিটার দক্ষিণে মোল্লাবাড়ী প্রাইমারী স্কুল ও এক কিলোমিটার পশ্চিমে সদর প্রাইমারী স্কুলে ছোট ছোট শিশুদের পক্ষে প্রতিদিন যাতায়াত করা কষ্টকর।